

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি গাছ বা দেওয়াল থেকে কষ্টদায়ক বস্তু, যার মাধ্যমে মুসলিমরা কষ্ট পান, তা অপসারণ করে, তার জন্য ক্ষমার আশা

ذِكْنُ رَجَاءِ الْغُفْرَانِ لِمَنْ أَمَاطَ الْأَذَى عَنِ الْأَشْجَارِ وَالْحِيطَانِ إِذَا تَأَذَّى الْمُسْلِمُونَ بِهِ

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاؤُدَ بْنِ وَرْدَانَ قَالَ: أَخْبَرَنَا عِيسَى بْنُ حَمَّادٍ قَالَ: أَخْبَرَنَا اللَّيْثُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ الله صلى الله عليه وسلم قال: (نَزَعَ رَجُلُ لَمْ يَعْمَلْ خَيْرًا قَطُّ غُصنْنَ شَوْكٍ عَنِ الطَّرِيقِ إِمَّا كَانَ فِي شَجَرَةٍ فَقَطَعَهُ فَأَلْقَاهُ وَإِمَّا كَانَ مَوْضُوعًا فَأَمَاطَهُ فَشَكَرَ الله له بها فأدخله الجنة.) الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 541 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৫৪১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "এক ব্যক্তি যিনি কখনই ভালো কাজ করেনি, তিনি রাস্তা থেকে একটি কাঁটার ডাল অপসারণ করেন, হয়তো কাঁটার ডালটি গাছে ছিল, তিনি সেটি কেটে ফেলে দেন অথবা সেটি রাস্তায় রাখা ছিল, তিনি সেটি অপসারণ করেন। মহান আল্লাহ তার এই কাজ কবুল করেন এবং তাকে জান্নাতে প্রবেশ করান।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: مَعْنَى قَوْلِهِ: (لَمْ يَعْمَلْ خَيْرًا قَطُّ) يُرِيدُ بِهِ: سِوَى الْإِسْلَامِ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "যিনি কখনই ভালো কাজ করেনি" এর দ্বারা উদ্দেশ্য হলো ইসলাম গ্রহন ব্যতীত।"

ফুটনোট



[1] আবু দাউদ: ৫২৪৫।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/৩৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন